গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা বিভাগ
প্রধানশিক্ষকের কার্যালয়

# খুলনা জিলা স্কুল

খুলনা, বাংলাদেশ

ফোন: ০২৪৭৭-৭২০৫৩৩
বিদ্যালয় কোড: ৩৫২৫
EIIN NO - 117135

Web: www.kzs.edu.bd, Email: zillaschool_khulna@yahoo.com

## বিজ্ঞপ্তি

তারিখ: ০২/০৮/২০২৬ খ্রি.

খুলনা জিলা স্কুলের প্রাত: ও দিবা বিভাগের সকল ছাত্রকে জানানো যাচ্ছে যে, আগামী ০৫/০৮/২০২৬ খ্রি. বুধবার 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে এ বিদ্যালয়ে রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ এর পটভূমি ও তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। সকল ছাত্রকে নিম্নে উল্লেখিত প্রতিযোগিতার বিষয়সমূহে নির্দিষ্ট তারিখে অংশ গ্রহণ করতে বিশেষভাবে বলা হচ্ছে।

### রচনা প্রতিযোগিতার বিষয়

| বিভাগ | শ্রেণি | বিষয় | শব্দ সংখ্যা |
|---|---|---|---|
| ক | ৩য় থেকে ৫ম | আমার দেখা জুলাই | ৮০০ |
| খ | ৬ষ্ঠ থেকে ১০ম | জুলাই গণঅভ্যুত্থান: নতুন বাংলাদেশ বিনির্মাণে | ১০০০ |

**রচনা লেখার নিয়মাবলি:**

(১) A4 সাইজের কাগজে স্বহস্তে রচনা লিখতে হবে। (২) A4 সাইজের কাগজে উল্টো পাতায় লেখা যাবেনা। (৩) রচনা লেখার শেষে শিক্ষার্থীদের নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, শাখা, রোল, বিভাগ ও অভিভাবকের সচল মোবাইল নম্বর লিখতে হবে। (৪) আগামী ০৪/০৮/২০২৬ খ্রি. মঙ্গলবার বেলা ১১:৩০টায় বিদ্যালয় ৪০৫ নং কক্ষে স্বহস্তে রচনা লিখতে হবে।

### আবৃত্তি প্রতিযোগিতার বিষয়

| বিভাগ | শ্রেণি | বিষয় | মাধ্যম |
|---|---|---|---|
| ক | ৩য় থেকে ৫ম | হাসান রোবায়েত এর 'সিঁথি' কবিতার প্রথম ১৬ লাইন | |
| খ | ৬ষ্ঠ থেকে ১০ম | কাজী নজরুল ইসলাম এর 'বিদ্রোহী' কবিতার প্রথম ২৭ লাইন | |

১) কবিতা আবৃত্তি প্রতিযোগিতা ৩০৬ নং কক্ষে অনুষ্ঠিত হবে।

### চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়

| বিভাগ | শ্রেণি | বিষয় | মাধ্যম |
|---|---|---|---|
| ক | ৩য় থেকে ৬ষ্ঠ | জুলাই গণঅভ্যুত্থান | |
| খ | ৭ম থেকে ১০ম | জুলাই আন্দোলনের প্রেক্ষাপট: নতুন বাংলাদেশ বিনির্মাণে | |

**বিশেষ দ্রষ্টব্য:** ১) প্রাত: ও দিবা বিভাগের শিক্ষার্থীদের একসাথে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় আগামী ০৪/০৮/২০২৬ খ্রি. মঙ্গলবার সকাল ১০:০০টায় ৩০৫ নং কক্ষে অনুষ্ঠিত হবে।

২) জলরং / প্যাস্টেল কালার ব্যবহার করা যাবে। বিদ্যালয় থেকে শুধুমাত্র চিত্রাঙ্কনের কাগজ সরবরাহ করা হবে।

৩) চিত্রাঙ্কন প্রতিযোগিতার শেষে শিক্ষার্থীদের নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, শাখা, রোল, বিভাগ ও অভিভাবকের সচল মোবাইল নম্বর লিখতে হবে।

**উল্লেখ্য যে**, 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' উপলক্ষ্যে বিদ্যালয় মিলনায়তনে আলোচনা সভা, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বিদ্যালয়ের সকল ছাত্র, সম্মানিত শিক্ষক, অভিভাবক ও কর্মচারীকে সকাল ০৯.০০টায় উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

০২/০৮/২০২৬
(মোহাম্মদ ফারুকুল ইসলাম)
প্রধানশিক্ষক
খুলনা জিলা স্কুল, খুলনা।